

রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কার্যক্রম স্থগিতের দাবিতে বিক্ষোভ

■ রাঙ্গামাটি প্রতিনিধি

রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম স্থগিতের দাবিতে বিক্ষোভ সমাবেশ করা হয়েছে। এই বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু হলেই তিন পার্বত্য জেলায় লাগাতার অবরোধের হুমকি দেয়া হয়। মঙ্গলবার সকালে রাঙ্গামাটি জেলা প্রশাসকের চত্বরে পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি পূর্ণায় বাস্তবায়নের দাবিতে অসহযোগ আন্দোলনের অংশ হিসেবে এক বিক্ষোভ সমাবেশ থেকে এ হুমকি দেন সংগঠনের নেতারা।

এসময় সমাবেশে বক্তব্য রাখেন পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির নেতা সচিব চাকমা, হিল উইমেন্স ফেডারেশনের সভাপতি চঞ্চলা চাকমা, পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতি সদস্য উদয়ন ত্রিপুরা, মহিলা সমিতির সভাপতি জরিভা চাকমা, পার্বত্য চট্টগ্রাম যুব সমিতির নেতা

টোয়েন চাকমা প্রমুখ।

সমাবেশে বিক্ষুব্ধ বক্তারা বলেন, পার্বত্য চট্টগ্রাম শান্তিচুক্তি পূর্ণায় বাস্তবায়ন না হওয়া পর্যন্ত রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সকল কার্যক্রম বন্ধ রাখতে হবে। সরকার চুক্তি বাস্তবায়ন না করে এ প্রতিষ্ঠান চালু করা হলে তিন পার্বত্য জেলা রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান হরতাল অবরোধের মত কঠোর কর্মসূচির মধ্য দিয়ে পার্বত্যকে অচল করে দেয়া হবে।

এর আগে পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতি সমর্থিত সংগঠন পাহাড়ী ছাত্র পরিষদ ও হিল উইমেন্স ফেডারেশন নেতৃবৃন্দ বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি শহরের জেএসএসের কার্যালয় থেকে শুরু হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসক কার্যালয় প্রাঙ্গণে এসে সমাবেশে মিলিত হয়।